

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন, ৮ম তলা), ঢাকা
www.dncrp.gov bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮-১৯৭

তারিখ: ১২ মে ২০২০

ইনোভেশন সভার কার্যবিবরণী

সভার সূচি : ১২ মে ২০২০, দুপুর ১২:০০ টা।
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভাপতি : জনাব শামীম আল মামুন,
পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং সভাপতি, উদ্ভাবন কমিটি।

কর্মকর্তাদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট-‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ৩০ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। ৩০ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ ইনোভেশন টিমের সদস্য কর্তৃক বাস্তবায়িত হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর বর্তমান অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের সম্ভাব্যতা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রমিক	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় ক্রমিক নং ০৭ অনুসারে ন্যূনতম একটি উদ্ভাবনী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) আগামী ১৫ মে ২০২০ তারিখের মধ্যে অংশগ্রহণ করতে হবে।	সকল সদস্য, উদ্ভাবন কমিটি, ডিএনসিআরপি।
২.	জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী আগামী ১৫ মে ২০২০ তারিখে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ বিষয়ে উদ্ভাবকগণকে অবহিত করণের বিষয়ে আলোচনা করা হয়। উক্ত আলোচনার প্রেক্ষিতে ক্রমিক নং ১৩ অনুসারে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সদস্য, উদ্ভাবন কমিটি, ডিএনসিআরপি।
৩.	বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক দুটি উদ্ভাবনী ধারণা যথা:- ক. ওজন বন্ধু খ. ই-প্রণোদনা নির্বাচন করা হয়। নির্দেশনা মোতাবেক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে উক্ত উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সদস্য, উদ্ভাবন কমিটি, ডিএনসিআরপি।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।


(শামীম আল মামুন) ২২/৫/২০২০
পরিচালক (প্রশাসন ও অর্থ)


ও
সভাপতি, উদ্ভাবন কমিটি।
ফোনঃ ০২-৮১৮৯০৪৫
ইমেইল: diy-admin@dncrp.gov.bd

তারিখ: ১২ মে ২০২০

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮-১৯৭

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব, প্রশাসন-১)।
- ২। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৪। উপপরিচালক (সকল), প্রধান/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৫। সহকারী পরিচালক (সকল), প্রধান/বিভাগীয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।


(শাহনাজ সুলতানা)
সহকারী পরিচালক (তদন্ত)
ও
সদস্য সচিব, উদ্ভাবন কমিটি
ইমেইল: ad-investigatin@dncrp.gov.bd